

তিন বছরে ৯ হাজার প্রাথমিক স্কুল স্থাপন করা হবে: স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ ও শৃংখলা বজায় রাখতে বর্তমান সরকারের দৃঢ় প্রত্যয়ের কথা ব্যক্ত করে বলেছেন, এ জন্য ছাত্রছাত্রী, অভিভাবক এবং শিক্ষকদের যথাযথ ভূমিকা গ্রহণ অপরিহার্য। তিনি বৃহস্পতিবার ঢাকা ভিকারুননিসা নূন স্কুল প্রাঙ্গণে স্কুল ও কলেজের বার্ষিক পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। খবর তথ্য বিবরণীর।

ভিকারুননিসা নূন স্কুল ও কলেজের অধ্যক্ষা হামিদা আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে বক্তৃতা প্রদান করেছেন (অবঃ) এম এ মান্নানও বক্তৃতা করেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জনসংখ্যা বিক্ষারণ, বেকারত্ব, দারিদ্র্য, পরিবেশ দূষণ, ক্ষুর-ব্যাধি, সামাজিক অনাচারসহ দেশের প্রায় প্রতিটি সমস্যার আশু সমাধানে শিক্ষা ও শিক্ষিত জনগোষ্ঠী সর্বাঙ্গীণ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তিনি বলেন, এ উপলক্ষ থেকে বর্তমান সরকার শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব দিয়ে আসছে এবং এ জন্য বাজেটে সর্বাধিক বরাদ্দ দেয়া হয়েছে। তিনি বলেন, শিক্ষা বিস্তারে গণশিক্ষা কার্যক্রম চালুসহ আগামী তিন বছরে ৯ হাজার প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে।

জনাব চৌধুরী চোরাচালান নিরুৎসাহিত করতে চোরাচালানকৃত ও নিষিদ্ধ পণ্য বিশেষ করে বস্ত্র ব্যবহার না করার জন্য আহবান জানান। এর আগে স্বরাষ্ট্রমন্ত্রী বিভিন্ন ক্ষেত্রে কৃতি ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন এবং পরে মনোজ্ঞ একটি সাংস্কৃতিক অনুষ্ঠান দেখেন।